# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

## পরিচালক(ট্রাফিক) এর দপ্তর

দপ্তরাদেশ নং- ৩০/২০২৩ইং

তারিখ ঃ ১২/০৪/২০২৩ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী বাংলা নববর্ষ, পবিত্র শব-ই-ক্বদর, পবিত্র জুমাতুল বিদা এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্রাফিক বিভাগের (পানগাঁও আইসিটি ও ঢাকা আইসিডিসহ) সকল অপারেশনাল কর্মস্থলে নিম্নলিখিতভাবে ছুটি পালিত হবে।

১। "বাংলা নববর্ষ" উপলক্ষে আগামী ১৪/০৪/২০২৩ইং (০১/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ শুক্রবার সকাল ০৮.০০ ঘটিকা থেকে ১৫/০৪/২০২৩ইং (০২/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ শনিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে।

২। "পবিত্র শব-ই- ক্বদর" উপলক্ষে আগামী ১৮/০৪/২০২৩ ইং (০৫/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ মঙ্গলবার বিকাল ০৪.০০ ঘটিকা থেকে ১৯/০৪/২০২৩ ইং (০৬/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ বুধবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তবে ১৮/০৪/২০২৩ইং (০৫/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ মঙ্গলবার রাত ০৮.০০ ঘটিকা থেকে ১৯/০৪/২০২৩ইং (০৬/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ বুধবার সকাল ০৮.০০ঘটিকা পর্যন্ত ক্লোজড হলিডে পালিত হবে।

৩। "পবিত্র জুমাতুল বিদা" উপলক্ষে আগামী ২১/০৪/২০২৩ইং (০৮/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ শুক্রবার সকাল ০৮.০০ঘটিকা হতে ২২/০৪/২০২৩ইং (০৯/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ শনিবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি পালিত হবে।

৪। "পবিত্র ঈদ-উল-ফিতর" উপলক্ষে আগামী ২০/০৪/২০২৩ইং (০৭/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ বৃহস্পতিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে ২৪/০৪/২০২৩ইং (১১/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ সোমবার সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী আদেশে সরকারি ছুটি পালিত হবে। তৎমধ্যে শুধুমাত্র "পবিত্র ঈদ-উল-ফিতর"এর দিন অর্থাৎ আগামী ২২/০৪/২০২৩ ইং (০৯/০১/১৪৩০ বঙ্গাব্দ) তারিখ শনিবার সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ ছুটি (ক্লোজড হলিডে) পালিত হবে।

(পবিত্র ঈদ-উল- ফিতর এর ছুটি চাঁদ দেখা যাওয়া সাপেক্ষে পালিত হবে)

৫। শুল্ক বিভাগ ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত ছুটির দিন সমূহে বিশেষ বন্দোবস্তাধীনে এবং বিধি মোতাবেক অতিরিক্ত মাশুল (চার্জ) প্রদান সাপেক্ষে জাহাজ/লাইটার সমূহে কাজ করা যাবে। খাদ্য,ত্রাণ ও অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রীর সাথে সম্পর্কযুক্ত বাণিজ্যিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালক(ট্রাফিক) বা তাঁর অধীনস্ত ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বেই অবহিত করতে হবে।

৬। উক্ত সময়ে ট্রাফিক বিভাগের অধীনস্থ (পানগাঁও আইসিটি ও ঢাকাস্থ আইসিডিসহ) সকল অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে পর্যাপ্ত জনবল বুকিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। উপরোক্ত সময়সূচী অনুযায়ী বন্দর অভ্যন্তরস্থ জনতা ব্যাংক,ওয়ান ব্যাংকসহ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুমোদিত অন্যান্য ব্যাংকের বুথসমূহ এবং কাস্টম হাউস স্থিত সোনালী ব্যাংক, শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা এবং সকল প্রাইভেট ডিপোসমূহকে সুষ্ঠুভাবে অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োজিত করে খোলা রাখার জন্য অনুরোধ করা গেল।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অঃপৃঃদ্রঃ

নথি নং-পপ/সা/৭৮ -২(অংশ-৪) /৮১৭ তারিখঃ ১২/০৪/২০২৩ ইং

বিতরণ ঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সকল সদস্য, চবক।
০২। সকল বিভাগীয় প্রধান, চবক ।
০৩। চীফ ওয়েল ফেয়ার অফিসার,চবক।
০৪। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও কন্টেইনার টার্মিনাল, কেরাণীগঞ্জ, ঢাকা।
০৫। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
০৬। টার্মিনাল ম্যানেজার, চবক।
০৭। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
০৮। সকল সহকারী ট্রাফিক/ টার্মিনাল ম্যানেজার,চবক।
০৯। সকল ট্রাফিক/ টার্মিনাল অফিসার,চবক।
১০। সকল সহঃ ট্রাফিক অফিসার/ টার্মিনাল অফিসার,চবক।
১১। সকল ট্রাফিক ইন্সপেক্টর/ তত্ত্বাবধায়ক,চবক।
১২। পি এ টু কমিশনার,কমিশনার অব কাস্টমস্,কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে।
১৩। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
১৪। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ ভবন, লেভেল ৪ ও ৫,৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

<u>এসোসিয়েশনভুক্ত সকল সদস্য শিপিং প্রতিষ্ঠানের নিকট বহুল প্রচার ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেলঃ</u>

১৫। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, মক্কা মদিনা টাওয়ার (২য় তলা),৭২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৬। চেয়ারম্যান বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, এসএইচআর টাওয়ার, বাদামতলীর মোড়, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (বাফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যুমনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার (১২তলা), আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
২০। চেয়ারম্যান, বাংলাদেশ শিপ হ্যান্ডলিং এন্ড বার্থ অপারেটরস্ এন্ড টার্মিনাল অপারেটস্ ওনার্স এসোসিয়েশন, ছাবের প্লাজা (২য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
২১। চেয়ারম্যান, শিপ হ্যান্ডলিং অপারেটরস্ ও বার্থ অপারেটরস্ এসোসিয়েশন, হোসেন চেম্বার (২য় তলা), ১০৫,আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।
২২। ম্যানেজিং ডিরেক্টর, মেসার্স সাইফ পাওয়ারটেক লিঃ, মক্কা মদিনা টাওয়ার (১৮তলা), ৭২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
২৩। চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী শ্রমিক কর্মচারী লীগ, বিশ্বরোড, নিমতলা, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৪। ম্যানেজার, সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, ওয়ান ব্যাংক, এনআরবি ব্যাংক, এনআরবিসি ব্যাংক,অগ্রনী ব্যাংক ও ব্র্যাক ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাঃ)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।